

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
টেলিযোগাযোগ অধিদপ্তর
প্রশাসন-১ শাখা

টেলিযোগাযোগ অধিদপ্তরের ডিসেম্বর, ২০২১ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ কামরুজ্জামান অতিরিক্ত সচিব (টেলিকম), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), টেলিযোগাযোগ অধিদপ্তর।
সভার তারিখ	২৩/১২/২০২১ খ্রিঃ
সভার সময়	সকাল ১০.৩০ ঘটিকা
স্থান	সভা কক্ষ (কক্ষ নং-৪০৩), টেলিযোগাযোগ অধিদপ্তর, ৪২৩-৪২৮, তেজগাঁও শিল্প এলাকা, তেজগাঁও, ঢাকা।
উপস্থিতি	অধিদপ্তরের সহকারী পরিচালক/ সমপর্যায় হতে তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাগণ (পরিশিষ্ট-ক দ্রষ্টব্য)।

উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনাতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	নভেম্বর, ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্য বিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়করণ	সভায় অংশগ্রহণকারী সকলের নিকট পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণের সর্বসম্মতি চাওয়া হয়। কোন সংশোধনী প্রস্তাব না থাকায় গত ২৮/১১/২০২১ তারিখ ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।	অধিদপ্তরের সকল কর্মকর্তা
০২	সিটিডিআর প্রকল্প ও সিটিডিআর সেন্টারের দৈনন্দিন অপারেশনাল কার্যক্রম	সিটিডিআর সেন্টারের “Augmentation of CTDR system & Capacity enhancement” শীর্ষক কাজের স্পেশিফিকেশন মন্ত্রণালয়ের অনুমোদন পাওয়া গেলে দরপত্র আহ্বানের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। প্রস্তাবিত সিটিডিআর ফেইজ-২ প্রকল্পের প্রেরিত ডিপিপিতে প্রাক্কলিত ব্যয় অনুযায়ী ক্যাশ সার্ভারের বিষয়টি অন্তর্ভুক্ত করতে না পারায় পরবর্তীতে সাইবার সিকিউরিটি এন্ড সেন্টার অব এক্সিলেন্স শীর্ষক প্রকল্পে ক্যাশ সার্ভার অন্তর্ভুক্তকরণের বিষয়টি নিশ্চিত করতে হবে। প্রকল্পের চারটি গাড়ী টিওএন্ডইভুজকরণের বিষয়ে প্রেরিত প্রস্তাবের বিপরীতে মন্ত্রণালয়ের হালনাগাদ অগ্রগতির বিষয়ে তথ্য সংগ্রহ করে আগামী সমন্বয় সভায় অবহিত করতে হবে। সিটিডিআর সেন্টারের অটোমেটেড গ্যাস বেইজ ফায়ার ফাইটিং সিস্টেমের সরবরাহকারীর চুক্তির মেয়াদ শেষ হওয়ায় পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। সিটিডিআর সেন্টারের সেন্টারের রক্ষণাবেক্ষন ও পরিচালনা সংক্রান্ত প্রণীত ড্রাফট এসওপি পর্যালোচনা করে চূড়ান্তকরণ করে দূত মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে।	পরিচালক (সমন্বয়-পিএসটিএন ও গেটওয়ে) ও অতিরিক্ত দায়িত্ব সিটিডিআর সেন্টার

<p>০৩</p> <p>সুবিধা বঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষাব্যবস্থা ডিজিটালকরণ শীর্ষক প্রকল্পের মাসিক প্রতিবেদন।</p>	<p>ডিজিটাল পাঠ্যসূচীর কন্টেন্ট আনন্দ কম্পিউটারস থেকে পাওয়া সাপেক্ষে এনসিটিবি থেকে উহা চূড়ান্ত অনুমোদন করিয়ে নিয়ে প্রকল্পের কাজে লাগাতে হবে।</p> <p>ঢাকা বিভাগের বাছাইকৃত ২০ টি প্রাথমিক বিদ্যালয়ের ইলেকট্রিক্যাল ও অন্যান্য আনুসঙ্গিক কাজ ঠিকাদার ইনজেন কর্তৃক সম্পন্ন হওয়ায় টেশিসের আইটি ইকুইপমেন্ট সরবরাহের কাজ ডিসেম্বরের মধ্যে শেষ করতে হবে।</p> <p>মেসার্স ইনজেনকে সরবরাহকৃত তালিকা অনুযায়ী ১৮৬ টি স্কুলের ইলেকট্রিক্যাল ও রুম রেনোভেশন কাজ ডিসেম্বর মাস থেকেই শুরু করা নির্দেশনা প্রদান করতে হবে। আগামী মার্চ-এপ্রিল, ২০২২ মাসের মধ্যে কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কাজ বাস্তবায়ন করতে হবে।</p> <p>টেশিসের সরবরাহকৃত ট্যাবসমূহে ইন্টারনেট ছাড়া ব্যবহারে অপারেটিং সিস্টেমের (ওএস) সমস্যা নিরসনের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p>	<p>পরিচালক (আন্তর্জাতিক টেলিকম সংস্থা) এবং প্রকল্প পরিচালক, সুবিধা বঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থা ডিজিটালকরণ শীর্ষক প্রকল্পে অতিরিক্ত দায়িত্ব</p>
<p>০৪</p> <p>অক্টোবর/ ২০২১ মাসের অধিদপ্তরের প্রদত্ত বিবিধ সেবা বিষয়ক প্রতিবেদন উপস্থাপন ও পর্যালোচনা</p>	<p>ক) প্রদত্ত সকল সেবাসমূহ পর্যায়ক্রমে সার্ভিস ট্র্যাকিং সফটওয়্যারের আওতায় নিয়ে আসা প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p> <p>খ) বিটিসিএল ও অন্যান্য সংস্থায় প্রেষণে কর্মরত পিআরএলগামী কর্মকর্তা-কর্মচারীগণের অধিদপ্তরে যোগদান ও পিআরএল মঞ্জুরী মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক অনুসরণ করে সম্পন্ন করতে হবে।</p> <p>গ) ডিওটি থেকে সিএএন্ডএফও অফিসে প্রেরিত অনিষ্পন্ন ১২৬ টি পেনশন কেইসসমূহ দ্রুত নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p> <p>ঘ) অধিদপ্তরে যোগদানকৃত কর্মকর্তা-কর্মচারীগণের আইবাস সিস্টেমে বেতন-ভাতা প্রাপ্তিতে সৃষ্ট জটিলতা নিরসনে ১৪১ টি পেন্ডিং কেইস দ্বিপক্ষীয়ভাবে পদক্ষেপ গ্রহণ করে নিষ্পত্তি করতে হবে।</p>	<p>ক) পরিচালক (ফ্রিকোয়েন্সি ব্যবস্থাপনা) ও আহ্বায়ক, সেবা মনিটরিং কমিটি</p> <p>খ) পরিচালক (প্রশাসন)/ পরিচালক (অর্থ)</p> <p>গ) পরিচালক (অর্থ)/ উপপরিচালক (অর্থ)</p> <p>ঘ) পরিচালক (অর্থ)/ উপপরিচালক (অর্থ)</p>
<p>০৫</p> <p>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)</p>	<p>ক) দেশের টেলিযোগাযোগ অবকাঠামো, যন্ত্রপাতি, সেবা ও পদ্ধতিতে প্রমিত মান নিশ্চিতকরণে ডিওটির কর্মপরিকল্পনা প্রণয়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ডিসেম্বর, ২০২১ মাসে কমিটির প্রস্তুতকৃত প্রথম প্রতিবেদনটি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</p> <p>খ) সরকারি ও বেসরকারি টেলিযোগাযোগ সেবা পরিচালনকারীর অবকাঠামো ও সেবার বিস্তৃতি, সেবার মান ও গ্রাহক সন্তুষ্টি ইত্যাদি বিষয়ে সমীক্ষা পরিচালনার কমিটির প্রস্তুতকৃত প্রথম প্রতিবেদনটি ডিসেম্বর, ২০২১ মাসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</p>	<p>ক) অতিরিক্ত মহাপরিচালক (কারিগরি) ও আহ্বায়ক, গঠিত কমিটি/উপপরিচালক (ইউএসওএফ ব্যবস্থাপনা)</p> <p>খ) অতিরিক্ত মহাপরিচালক (কারিগরি) ও আহ্বায়ক, গঠিত কমিটি/উপপরিচালক (ইউএসওএফ ব্যবস্থাপনা)</p>

<p>০৬</p> <p>শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম</p>	<p>ক) টেলিযোগাযোগ অধিদপ্তরের অনলাইন সেবা ট্র্যাকিং সিস্টেমের পর্যায়ক্রমে সকল সেবাসমূহ অন্তর্ভুক্তির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ডিসেম্বর, ২০২১ মাসের মধ্যে সেবা ট্র্যাকিং প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</p> <p>খ) টেলিযোগাযোগ অধিদপ্তরের তথ্যের ক্যাটাগরী ও ক্যাটালগ তৈরি ও হালনাগাদকরণের জন্য গঠিত কমিটি নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনা করে-</p> <ul style="list-style-type: none"> * তথ্য অধিকার আইন, ২০০৯ * টেলিযোগাযোগ অধিদপ্তরের পটভূমি * টেলিযোগাযোগ অধিদপ্তরের সেবাসমূহের তালিকা * তথ্যের ধরন এবং ধরন অনুসারে তথ্য প্রকাশ ও প্রদান পদ্ধতি * স্বপ্রণোদিত তথ্যসমূহের তালিকা প্রকাশ ও প্রণয়নের যৌক্তিকতা/উদ্দেশ্য * টেলিযোগাযোগ অধিদপ্তরে তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও হালনাগাদকরণের পদ্ধতি * টেলিযোগাযোগ অধিদপ্তরের তথ্য প্রদানের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প কর্মকর্তার দায়িত্ব ও কর্মপরিধি * স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা ও প্রকাশের মাধ্যম * চাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তথ্যের তালিকা * প্রদান বাধ্যতামূলক নয়, এমন তথ্যের তালিকা। <p>প্রস্তুতকৃত খসড়া সভায় উপস্থাপন করা হলে উহা অনুমোদন প্রদান করা হয়।</p>	<p>ক) পরিচালক (ফ্রিকোয়েন্সি ব্যবস্থাপনা) ও আহ্বায়ক, সার্ভিস ট্র্যাকিং পরিবীক্ষণ কমিটি</p> <p>খ) পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (ইউএসওএফ ব্যবস্থাপনা)</p>
<p>০৭</p> <p>বিটিসিএলের টিটিসি'র ছাত্রাবাস ভবনের কক্ষ ভাড়া/ অধিদপ্তরের জন্য নিজস্ব জায়গার বন্দোবস্ত নেয়া।</p>	<p>টিটিসি'র ছাত্রাবাস ভবনের উত্তর পার্শ্বস্থ ২য় ও ৩য় তলার ১৮ টি কক্ষ ডিওটির অনুকূলে বরাদ্দ দেওয়ায় উক্ত কক্ষসমূহ দ্রুত সংস্কার করে কর্মকর্তা-কর্মচারীদের ব্যবহার উপযোগী করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p> <p>টেলিযোগাযোগ অধিদপ্তরের স্থায়ী অফিসের জন্য বিটিসিএলের কড়াইল কম্পাউন্ডের ৫নং গেইট সংলগ্ন মসজিদের পাশের জায়গা অথবা মহাখালী ট্রান্সমিশন অঞ্চল অফিসের মাঠ সংলগ্ন জায়গা টেলিযোগাযোগ অধিদপ্তরের অনুকূলে বরাদ্দ নেয়া যায় কিনা? প্রয়োজনীয় প্রস্তাবনা তৈরি করতে হবে।</p>	<p>পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (ফ্রিকোয়েন্সি এলাকেশন)/ উপপরিচালক (প্রশাসন)</p>
<p>০৮</p> <p>টেলিযোগাযোগ অধিদপ্তরের অডিট আপত্তি</p>	<p>টেলিযোগাযোগ অধিদপ্তরের ২০১৮-২০১৯ অর্থ বছরে আপত্তিকৃত ২০১৫ বেতন স্কেলের পূর্বে সাময়িক বরখাস্ত হওয়া কর্মকর্তা-কর্মচারীকে ২০১৫ বেতন স্কেলে প্রদত্ত মহার্ঘ ভাতার আপত্তির উপর ডিওটির নিষ্পন্নমূলক জবাব বিষয়ে নিরীক্ষা অফিসের সহিত যোগাযোগ করতে হবে। বাড়ী ভাড়া হতে আদায়যোগ্য আয়করের অবশিষ্ট অর্থ আদায়ের বিষয়ে নিষ্পত্তির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে অধিদপ্তরের আপত্তির সংখ্যা শূন্যতে নামিয়ে আনতে হবে।</p>	<p>পরিচালক (অর্থ)/ উপপরিচালক (নিরীক্ষা)</p>

০৯	বিবিধ	বিসিএস (টেলিকম) ক্যাডারে নব-নিয়োগের পরীক্ষা বিধিমালা এবং নন-ক্যাডার পদের নিয়োগ ও পদোন্নতি বিধিমালা বাস্তবায়নের পূর্বশর্ত হিসেবে টেলিযোগাযোগ অধিদপ্তরের কর্মপরিধি ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে এবং সংশোধিত অর্গানোগ্রাম/ ফাংশনাল ইউনিট বাস্তবায়নাধীন রয়েছে। ক্যাডার পদের পরীক্ষা বিধিমালা জনপ্রশাসন মন্ত্রণালয়ে পরীক্ষাধীন এবং নন-ক্যাডার পদের নিয়োগ ও পদোন্নতি বিধিমালা জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে ভেটিংয়ের জন্য লেজিসলেটিভ উইংয়ে পাঠানো হয়েছে। এসকল কাজ বাস্তবায়ন হলে ক্যাডারে নব-নিয়োগ এবং নন-ক্যাডার নিয়োগ ও পদোন্নতির ক্ষেত্র তৈরি হবে।	পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (নিয়োগ)/ উপপরিচালক (প্রশাসন)
----	-------	---	--

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।



মোঃ কামরুজ্জামান

অতিরিক্ত সচিব (টেলিকম), ডাক ও
টেলিযোগাযোগ বিভাগ এবং মহাপরিচালক
(অতিরিক্ত দায়িত্ব), টেলিযোগাযোগ অধিদপ্তর।

স্মারক নম্বর: ১৪.৩০.০০০০.২১২.০৬.০০১.২০.২৪৭

তারিখ: ১৪ পৌষ ১৪২৮

২৯ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ২) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও অর্থ/ কারিগরি/ রেগুলেটরি), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৩) পরিচালক (সকল)/ পরিচালক (ইঞ্জিঃ), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৪) উপপরিচালক (সকল)/ বিভাগীয় প্রকৌশলী/ চিফ সুপার (টেলিগ্রাফ), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৫) সিনিয়র সহকারী পরিচালক/ উপবিভাগীয় প্রকৌশলী, টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৬) সহকারী পরিচালক (সকল)/ সহকারী প্রকৌশলী/ হিসাব রক্ষণ কর্মকর্তা, টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৭) অফিস কপি।



আহম্মদ উল্লাহ
উপপরিচালক